


বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর সেবা প্রদান নিশ্চিত করার লক্ষ্যে প্রধান কার্যালয়সহ আঞ্চলিক কেন্দ্র ও উপ-আঞ্চলিক কেন্দ্রের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম-পরিকল্পনাসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য “সেবা প্রদান কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন কমিটি-র” ১৬-০৯-২০২১ তারিখ বেলা ১১:০০টায় অনুষ্ঠিত সভার কার্যবিবরণী


বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর সেবা প্রদান নিশ্চিত করার লক্ষ্যে প্রধান কার্যালয়সহ আঞ্চলিক কেন্দ্র ও উপ-আঞ্চলিক কেন্দ্রের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম-পরিকল্পনাসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য “সেবা প্রদান কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন কমিটি-র” সভা কমিটির সভাপতি মাননীয় প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানুর সভাপতিত্বে তাঁর গাজীপুরস্থ অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট ‘ক’ সদয় দ্রষ্টব্য।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, সরকার দেশের সকল প্রতিষ্ঠানে সুশাসন এবং জবাবদাহিতা নিশ্চিত করার জন্য “বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি (এপিএ)” প্রণয়ন করেছে এবং এর কার্যক্রম ২০১৪-২০১৫ সাল হতে বাউবি-এ শুরু হয়েছে এবং ২০২১-২০২২ সাল হতে এপিএ-এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি কর্ম-পরিকল্পনার বিষয়টি অন্তর্ভুক্ত করেছে। সে আলোকে কর্তৃপক্ষ কর্তৃক “সেবা প্রদান কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন” কমিটি গঠিত হয়েছে। তিনি বলেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য বাউবি-র লক্ষ্য ও উদ্দেশ্যে এবং সরকারি বিশ্ববিদ্যালয়ের জন্য Allocation of Business-এর সমন্বয়ে সর্বপ্রথম বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রধান কার্যালয়সহ আঞ্চলিক কেন্দ্র ও উপ-আঞ্চলিক কেন্দ্রে সিটিজেন চার্টার প্রস্তুত করা প্রয়োজন। তিনি উপস্থিত সদস্যদের সেবা প্রদান বাস্তবায়নে মন্ত্রি পরিষদ বিভাগ কর্তৃক বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকায় উল্লেখিত বিভিন্ন বিষয়গুলি উপস্থাপন করেন এবং এ-বিষয়ে উপস্থিত সকল সদস্যের মতামত জানতে চান। কমিটির সদস্যগণ তাদের মতামত ব্যক্ত করেন প্রকান্তরে একটি মতবিনিময় সভা হয়। সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

- বাউবি-র সকল স্কুল, বিভাগ ও আঞ্চলিক কেন্দ্র তাদের সিটিজেন চার্টার ৭(সাত) কার্যদিবসের মধ্যে প্রস্তুত করে মাননীয় প্রো-উপাচার্য (প্রশাসন)-এর নিকট পেশ করবে।
- বাউবি-র ৬টি স্কুল এবং ১২টি বিভাগ কর্তৃক পেশকৃত সিটিজেন চার্টারের সমন্বয়ে বিশ্ববিদ্যালয়ের জন্য একটি সিটিজেন চার্টার প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- প্রশিক্ষণের অংশ হিসেবে বিভিন্ন স্টেকহোল্ডারগণের সাথে সভা, মতবিনিময় এবং সিটিজেন চার্টার প্রস্তুতকরণের কৌশল অবলম্বন প্রক্রিয়া অবহিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য না থাকায় কমিটির সভাপতি প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ আব্দুল্লাহ আল কাফি)
যুগ্ম-পরিচালক (সাধারণ প্রশাসন) ও
সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি


(অধ্যাপক ড. নাসিম বানু)
প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) ও
সভাপতি, সংশ্লিষ্ট কমিটি

৫-১০-২০২১